গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা

নং-৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৬.১৬- ১৭২

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৫
০৭ মে, ২০১৮

## প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, সংযুক্তি- হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস-প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) এ কর্মরত আছেন। বর্ণিত প্রকল্পের নির্মাণাধীন স্থাপনাসমূহ পরিদর্শনকালে অনেক অনিয়ম ও দুর্নীতির সাথে তিনি জড়িত মর্মে পরিদর্শনের সময় প্রতীয়মান হয়। তিনি প্রকল্পের সংযুক্ত কর্মকর্তা হিসেবে অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন না করে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা করেছেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৮/২০১৬ রুজু করে ২২/১১/২০১৬ তারিখে ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৬.১৬-১১৩ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ০৮/১২/২০১৬ তারিখ লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০৫/০১/২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানি, বিভাগীয় মামলা সংক্রান্ত কাগজপত্র ও উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনা এবং সার্বিক দিক বিবেচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সন্তোষজনক জবাব দিতে পারেননি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(গ) মোতাবেক এ মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ গোলাম মোস্তফা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ রফিকুল ইসলাম এর বিরুদ্ধে আনীত একই বিধিমালার বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় ডাঃ মোঃ রফিকুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, সংযুক্তি- হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস-প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

7/5/2018

(মোঃ রইছউল আলম মন্ডল)
ভারপ্রাপ্ত সচিব

নং-৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৬.১৬-১৭২

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৫ / ০৭ মে, ২০১৮

**সদয় অবগতি ও প্রায়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।**

১। মহাপরিচালক (অ.দা.), প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি সড়ক, ফার্মগেইট, ঢাকা।

২। উপপরিচালক, বাংলাদেশ ফরম প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।

৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪। উপসচিব (প্রাণিসম্পদ-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৭। ডাঃ মোঃ মাহাবুবুল আলম, প্রকল্প পরিচালক, হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস-প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

৮। সিস্টেম এনালিস্ট (অঃদাঃ), আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৯। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, সংযুক্তি- হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস-প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)।

০৭-০৫-২০১৮

(কে, এফ, এম জেসমীন আখতার)
যুগ্মসচিব
ফোন: ৯৫৬১১১৭